দৈনিক ইনকিলাব

SEP. 27 1999

136

# ঢাঃ বিঃ'র শহীদুল্লাহ হল থেকে ছাত্র লীগের সন্ত্রাসীরা ছাত্র ইউনিয়ন নেতাকে মেরে তাড়িয়েছে

**বিশ্ববিদ্যালয় রিপোর্টার :** মুক্তিববাদী ছাত্র লীগের সন্ত্রাসীরা গত ২৫ সেপ্টেম্বর (শনিবার) রাতে ঢাকা বিশ্ববিদ্যালয়ের শহীদুল্লাহ হলে ছাত্র ইউনিয়নের একজন নেতাকে মারধর করে হল থেকে বের করে দিয়েছে। শনিবার রাতে ছাত্র ইউনিয়ন বিশ্ববিদ্যালয় শাখার সদস্য কামরুল হাসান কমলের সীটে ছাত্র লীগ কর্মীরা জোরপূর্বক একজন ক্যাডারকে তুলে দেয়। কমল এ ব্যাপারে হাউস টিউটরের

৭-এর পৃঃ ৩-এর কঃ দেখুন

## ঢাঃবিঃ'র শহীদুল্লাহ হল

প্রথম পৃষ্ঠার পর

নিকট বিচার দিলে ছাত্র লীগ ক্যাডার বাপ্পি ও হাবিব ক্ষিপ্ত হয়ে তাকে হলের পুকুরপাড়ে নিয়ে প্রচণ্ড মারধর করে। পরে কমলকে তারা হল থেকে বের করে দেয়। ভূগোল ৩য় বর্ষের ছাত্র কমল শহীদুল্লাহ হলের ১ নং বর্ধিত ভবনের ৪৩ নম্বর কক্ষের আবাসিক ছাত্র। এ ঘটনার প্রতিবাদে ছাত্র ইউনিয়ন গতকাল (রবিবার) বিশ্ববিদ্যালয়ের ক্যাম্পাসে মিছিল ও সমাবেশ করে। কলা ভবনের প্রধান গেটে অনুষ্ঠিত সমাবেশে বক্তব্য রাখেন ছাত্র ইউনিয়ন সভাপতি শরীফ, হাসান তারিক সোহেল, নাদীরা সুলতানা নদী প্রমুখ।